গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২৫২.২৫.০০০৩.২৫.৩৪

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৭ এ অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় আগামী ১৭ জানুয়ারি, ২০২৭ তারিখ হতে ০৯ ডিসেম্বর ২০২৭ তারিখ মেয়াদে অনুষ্ঠেয় 'ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৭' এ অংশগ্রহণে আগ্রহী বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের (৩য় গ্রেড) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের নির্ধারিত ছক মোতাবেক ০৩ (তিন) কপি রঙিন ছবিসহ ০৩ (তিন) সেট আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬.০৮.২০২৬ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৪ শাখায় (সফট কপি cp-4@mopa.gov.bd-এ ই-মেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:
(ক) আগ্রহী কর্মকর্তাগণের বয়স ১লা জানুয়ারি, ২০২৭ তারিখ অনুর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
(খ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে;
(গ) কোর্সে অংশগ্রহণেচ্ছুক আবেদনকারী কর্মকর্তাগণের ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে;
(ঘ) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত কমিটির মাধ্যমে আবেদনকারী কর্মকর্তাগণের সাক্ষাৎকার গ্রহণপূর্বক মনোনীত কর্মকর্তাগণের তালিকা চূড়ান্ত করা হবে;
(ঙ) সফলভাবে এনডিসি সমাপনান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়নে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

**সংযুক্তি:** নির্ধারিত ছক।

সংযুক্তিঃ
(১) নির্ধারিত ছক

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৮-০৭-২০২৬
পারসিয়া সুলতানা প্রিয়াংকা
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২২২৬৬৪১১৫৯
ইমেইল : cp4@mopa.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**
১। সিনিয়র সচিব/সচিব (সকল) [অধিনস্থ যুগ্মসচিব ও সমমর্যাদার কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ ক রা হলো।]।
২। অনুবিভাগ প্রধান (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, সিপি-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি লিংক আকারে ওয়েবসাই টে প্রকাশের অনুরোধসহ)।।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।।
৭। অফিস কপি।

৩ কপি ছবি

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের যুগ্মসচিব এবং সমপদমর্যাদা ও সমগ্রেডভুক্ত কর্মকর্তাগণের জন্য 'ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) ২০২৭'-এ আবেদনের নির্ধারিত ছক

| | | | |
|---|---|---|---|
| ১. | কর্মকর্তার নাম (বাংলায়) | : | |
| | কর্মকর্তার নাম (ইংরেজি বড় অক্ষরে) | : | |
| ২. | পরিচিতি নম্বর (আইডি) | : | |
| ৩. | বিসিএস ক্যাডার ও ব্যাচ | : | |
| ৪. | বেতন গ্রেড | : | |
| ৫. | পদবি ও কর্মস্থল | : | |
| ৬. | জন্ম তারিখ | : | |
| ৭. | ১ জানুয়ারি, ২০২৭ তারিখে বয়স | : | |
| ৮. | মোবাইল ও টেলিফোন নম্বর | : | |
| ৯. | ই-মেইল | : | |
| ১০. | IELTS স্কোর (যদি থাকে) | : | |

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল